



বাংলাদেশ ব্যাংক  
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ৪৯/২০২২

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪২৯  
১৩ সেপ্টেম্বর, ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে Chief Legal Affairs Officer (মূখ্য আইন কর্মকর্তা) পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক একজন কর্মকর্তা নিয়োগের জন্য নিম্নে বর্ণিত শর্তাধীনে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

- ক) শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী।  
খ) অভিজ্ঞতা : আইন বিষয়ক পেশায় কমপক্ষে ২৫ (পঁচিশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।  
গ) কার্যপরিধি(TOR) : যোগ্যতা এবং অভিজ্ঞতার বিস্তারিত তথ্য সম্বলিত TOR বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ পাওয়া যাবে।  
ঘ) মাসিক সম্মানী : আলোচনা সাপেক্ষ।  
ঙ) চুক্তির মেয়াদ : ০৩(তিন) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।  
চ) নির্বাচন প্রক্রিয়া : যোগ্যতা এবং অভিজ্ঞতা যাছাই বাছাই শেষে সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীবৃন্দকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মনোনীত নির্বাচনী কমিটির নিকট সাক্ষাৎকারে অবতীর্ণ হতে হবে।

০২। আগ্রহী প্রার্থীবৃন্দকে আলোচ্য পদের জন্য প্রস্তুতকৃত TOR-এর আলোকে যোগ্যতা এবং অভিজ্ঞতার পূর্ণ বিবরণী এবং জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র পরিচালক (এইচআরডি-১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান ভবন, ৬ষ্ঠ তলা, প্রধান কার্যালয়, ঢাকা এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগে অথবা [gm.hrd@bb.org.bd](mailto:gm.hrd@bb.org.bd) ই-মেইলে আগামী ০৪/১০/২০২২ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত ০৩(তিন) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ডের সত্যায়িত অনুলিপি প্রেরণ করতে হবে।

০৩। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(মোঃ গোলাম মোস্তফা)  
পরিচালক (এইচআরডি-১)